# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের গহপুরে সহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন ।

২) ৯৩তম বায়ুসেনা দিবস উপলক্ষে গৌহাটির লাচিত ঘাটে আগামীকাল আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং-এর অংশ গ্রহণ ।

৩) প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের অধীন নিম্ন ও উচ্চপ্রাথমিক বিদ্যালয়ের ৫ হাজার ৫শো ৫০টি শূন্য পদের জন্য বাছাইকরা প্রার্থীদের আগামীকাল নিযুক্তিপত্র প্রদান ।

এবং

৪) ডিমাহাসাও জেলার হারাঙ্গাজাও বৌলচাল জলপ্রপাতে আজ শিলচর এন আই টির ২ জন ছাত্রী এবং ১ জন ছাত্র সন্ধানহীন ।

---

রাজ্যে কারিগরী শিক্ষার প্রাসারে যুগান্তকারী ব্যবস্থা হিসেবে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ গহপুরে সহীদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । ৪শো ১৫ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মীয়মান এই বিশ্ববিদ্যালয়টি প্রযুক্তি ভিত্তিক বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে দেশের প্রথম বিশ্ববিদ্যালয় হবে । ৭শো ৩১ বিঘা জমিতে নির্মীয়মান এই বিশ্ববিদ্যালয়ে মোট ২ হাজার ছাত্র-ছাত্রীর জন্য শৈক্ষিক ভবণ , ১ হাজার ৬শো ২০ জন ছাত্র-ছাত্রীর জন্য হোষ্টেল , ৭২টি আবাসিক ভবণ , অতিথিশালা ছাড়াও ছাত্র-ছাত্রীদের জন্য অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা কেন্দ্র গড়ে তোলা হবে । এই বিশ্ববিদ্যালয়ে কৃত্রিম বুদ্ধিমত্তা , রোবটিক সায়েন্স , সাইবার সুরক্ষা , কোয়ান্টাম কম্পিউটিং , এনিমেশন এন্ড গ্রাফিক্স , ড্রোণ ও নেভিগেশন প্রযুক্তি , থ্রি-ডি প্রিন্টিং সহ অন্যান্য কয়েকটি নতুন বিষয় অর্ন্তভুক্ত করা হবে । আজকের

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা , শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু , সাংসদ রঞ্জিৎ দত্ত , বিধায়ক উৎপল বরা প্রমুখ উপস্থিত ছিলেন । এর আগে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ এবং মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গৌহাটি খানাপারায় নির্মীয়মান জ্যোতিবিষ্ণু প্রেক্ষাগৃহ পরিদর্শন করেন । ৫ হাজার আসন যুক্ত এই প্রেক্ষাগৃহটির নির্মাণ কাজ সমাপ্ত হলে এটি পূর্ব ভারতের অন্যতম বৃহৎ প্রেক্ষাগৃহ হিসেবে পরিগণিত হবে ।

-------------------------------------------------------------------------------------

৯৩তম বায়ুসেনা দিবস উপলক্ষে গৌহাটির লাচিত ঘাটে আগামীকাল আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং অংশ গ্রহণ করবেন । এই অনুষ্ঠানের অংশ হিসেবে আগামীকাল দুপুর সাড়ে ১২টা থেকে ২টো পর্যন্ত এয়ার-শ্বো অর্থাৎ যুদ্ধ বিমানের উড়াণ কৌশল প্রদর্শন করা হবে । কেন্দ্রীয় ভাবে আয়োজিত এই এয়ার-শ্বোতে রাফাল , মিগ , সুখোই ইত্যাদির মত মোট ৭৫টি বিমান অংশ গ্রহণ করবে । এই এয়ার-শ্বো উপভোগ করার জন্য বিদ্যালয় এবং মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সহ বৃদ্ধাশ্রমের আবাসিকদের আমন্ত্রন জানানো হয়েছে । ইচ্ছুক ব্যাক্তিরা গৌহাটি উজান বাজারের সতী রাধিকা উদ্যান থেকে এই উড়াণ প্রদর্শন উপভোগ করতে পারবেন । মহানগরীর অশ্বক্লান্ত মন্দির প্রাঙ্গণে অতিথিদের জন্য এয়ার-শ্বো দেখার ব্যবস্থা করা হয়েছে ।

এই উপলক্ষে আজ এবং আগামীকাল গৌহাটিতে যানবাহণ চলাচলের ক্ষেত্রে বেশকিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের অধীন নিম্ন ও উচ্চপ্রাথমিক বিদ্যালয়ের ৫ হাজার ৫শো ৫০টি শূন্য পদে বাছাইকরা প্রার্থীদের আগামীকাল নিযুক্তিপত্র প্রদান করা হবে । উল্লেখ্য যে এই শূন্য পদগুলির জন্য আয়োজিত পরীক্ষার ফলাফল সঞ্চালকালয় গতকাল ঘোষণা করেছে । ঘোষিত ফলাফল অনুসারে উচ্চ প্রাথমিক শিক্ষক পদে ১ হাজার ২শো ৯৯ জন এবং নিম্ন প্রাথমিক শিক্ষক পদে ২ হাজার ৯শো ৮০ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছে । বিভিন্ন কারণে গত প্রায় ২ বছর থেকে এই শিক্ষক নিযুক্তি প্রক্রিয়া বন্ধ ছিল তবে চলতি বছরের মার্চ মাস থেকে পুনরায় যোগ্যতাসম্পন্ন প্রার্থদের বাছাই প্রক্রিয়া শুরু করা হয়েছে । এদিকে স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষক পদের জন্যও ইতিমধ্যে চূড়ান্ত বাছাই প্রক্রিয়া ইতিমধ্যেই সম্পন্ন করা হয়েছে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেগু জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় আয়ুষ ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদবের পৌরহিত্যে আজ গৌহাটীর লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমানবন্দরে জাতীয় স্বাস্থ্য অভিযান আসাম ও আয়ুষ অভিযানের অগ্রগতি সম্পর্কে এক বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে সমগ্র রাজ্যে স্বাস্থ্য সেবার উন্নীতকরণ , পরিকাঠামো উন্নত করা , স্বাস্থ্য সেবার গুনগতমান বৃদ্ধি করা সহ বেশ কিছু বিষয় নিয়ে আলোচনা করা হয় । বৈঠকে জাতীয় স্বাস্থ্য অভিযান আসাম ও আয়ুষ আসামের অধ্যক্ষ সহ স্বাস্থ্য বিভাগের প্রবীন আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

ডিমাহাসাও জেলার হারাঙ্গাজাও বৌলচাল জলপ্রপাতে আজ শিলচর এন আই টির কম্পিউটার সায়েন্স ইঞ্জিয়ারিং বিভাগের প্রথম বর্ষের ২ জন ছাত্রী এবং ১ জন ছাত্র স্নান করতে নামার পর থেকে সন্ধানহীন রয়েছে । জাতীয় দুর্যোগ মোকাবিলা বাহিনী ( এন ডি আর এফ )-এর জোওয়ানরা সন্ধানহীন এই তিনজন ছাত্র-ছাত্রীকে উদ্ধারের জন্য অভিযান অব্যাহত রেখেছে । সন্ধানহীন ছাত্র-ছাত্রীরা হলেন উত্তর প্রদেশ এবং বিহারের সৌহার্দ রাই , সর্বকৃতিকা এবং রাধিকা । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে এই ছাত্র-ছাত্রীরা আজ সেখানে জলপ্রপাতে নামার সময় এই দুর্ঘটনা ঘটে । এই সংবাদ লেখা পর্যন্ত ছাত্র-ছাত্রীদের কোন সন্ধান পাওয়া যায়নি ।

-----------------------------------------------------------------------------------

বিধি বলবৎকারী সঞ্চালকালয়ের গৌহাটি মহানগর কার্যালয় ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারিক শেবালী দেবী শর্মার ৬ কোটি ৪০ লক্ষ টাকার স্থাবর অস্থাবর সম্পত্তি জব্দ করেছে । আয়ের সঙ্গে সামঞ্জস্যহীন সম্পত্তি আহরণ প্রতিরোধ আইনের অধীনে তদন্তকারী সংস্থা এই সম্পত্তি জব্দ করেছে । উল্লেখ্য যে আসাম রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রতিষ্ঠানের মুক্ত এবং দূরবর্তী শিক্ষাকোষের সঞ্চালক পদে কার্যনির্বাহ করা শেবালী শর্মা ১শো ৫ কোটি টাকার দূর্নীতি মামলার সঙ্গে যুক্ত ছিলেন বলে অভিযুক্ত হয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০ তম জন্ম জয়ন্তীর সংগে সংগতি রেখে মেরা যুবা ভারতের উদ্যোগে এবং জেলা ক্রীড়া বিভাগ ও শ্রীভুমি জেলা প্রশাসনের সহযোগীতায় আজ সকালে শ্রীভূমি শহরে এক বর্নাঢ্য একতা পদযাত্রা অনুষ্ঠিত হয় । এই পদযাত্রা শ্রীভূমি শহরের সিনিয়র সেকেন্ডারি স্কুল প্রাংগন থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে করিমগঞ্জ কলেজের খেলার মাঠে গিয়ে পদযাত্রার সমাপ্তি হয় । শুরুতে একতার শপথ গ্রহণ করা হয় এবং এক পেড় মা কে নাম কার্যসূচীর অধীনে

সিনিয়র সেকেন্ডারী স্কুল প্রাংগনে গাছের চারা রোপন করা হয় ।পদযাত্রায় সাংসদ কৃপানাথ মালহ , বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ , জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী সহ বহু বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার ছাত্র-ছাত্রীদের আধারকার্ড আপডেট করার জন্য আগামী সোমবার থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বিশেষ শিবিরের আয়োজন করা হবে । আলগাপুরের বড়নগথ গার্লস হায়ার সেকেন্ডারী স্কুলে আগামী সোমবার থেকে বুধবার পর্যন্ত এই আধার আপডেট শিবির অনুষ্ঠিত হবে । অনুরুপভাবে আগামী ১৩ নভেম্বর থেকে ২৫ নভেম্বর পর্যন্ত আলগাপুর পাবলিক হায়ার সেকেন্ডারী স্কুলে এই শিবির অনুষ্ঠিত হবে । উল্লেখ্য যে আগামী ৬ ডিসেম্বর পর্যন্ত হাইলাকান্দি জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরণের আধার আপডেট শিবির অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামী ১০ ই নভেম্বর সকাল ১০ টায় রেহাইমূল্যে মুসুর ডাল , চিনি ও লবন বিতরণের উদ্ভোধন করা হবে ।রাজ্যের খাদ্য , গনবন্টন ও গ্রাহক বিষয়ক বিভাগ থেকে নভেম্বর মাসের জন্য বিশেষ অন্ন সেবা দিন ১০ ই নভেম্বর আনুষ্ঠানিকভাবে শুরু হবে ।এই প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জাতীয় খাদ্য সুরক্ষা আইনের অধীন সুবিধাভোগীদের ভতুকিযুক্ত হারে মুসুর ডাল , চিনি এবং লবন সরবরাহ করা ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আগামী ১০ ই নভেম্বর সকাল ১০ টা থেকে রেহাই মূল্যে মুসুর ডাল চিনি ও লবন বিতরণ করা হবে । এ উপলক্ষে জেলার সব ন্যায্যমূল্যের দোকানে আগামী সোমবার সকাল ১০ টায় উদ্ভোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । ইতিমধ্যে জেলার ৭৩৫ টি ন্যায্য মূল্যের দোকানে সামগ্রী বিতরণের সব প্রস্তুতি সম্পূর্ন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------